দৈনিক ইত্তেফাক

তারিখ ... JAN 27 1999 ...
পৃষ্ঠা ৪ কলাম ৫

## এইচ এস.সি বাণিজ্য বিভাগের নূতন সিলেবাস প্রসঙ্গে

১৯৯৮ সালে এস,এস,সি পাস ছাত্র-ছাত্রীদের মধ্যে , যাহারা এইচ,এস,সি পর্যায়ে বাণিজ্য বিভাগে ভর্তি হইয়াছে, তাহাদের জন্য বোর্ড কর্তৃক নূতন সিলেবাস অনুসারে পড়ালেখা করা অত্যন্ত কঠিন হইবে বলিয়া অভিজ্ঞ মহলের ধারণা। ছাত্র-ছাত্রীরা অনেকটা আতংকগ্রস্ত। বিশেষ করিয়া হিসাব বিজ্ঞান ১ম ও ২য় পত্র নিয়া তাহারা চিন্তিত হইয়া পড়িয়াছে। ইতিপূর্বে তত্ত্বীয় অংশে নম্বর ছিল ২৭ আর প্রায়োগিক সমস্যা সমাধানে ছিল ৭৩ নম্বর। ১ম পত্রে প্রায়োগিক অংশে একটি চূড়ান্ত হিসাব ছিল ২৫ নম্বর যাহা বর্তমানে ২০ নম্বর। পূর্বে প্রতিটি অংকে ১৬ নম্বর ছিল এবং মোট তিনটি অংক করিতে হইত। বর্তমান সিলেবাসে চূড়ান্ত হিসাব ছাড়াও চারটি অংক করিতে হইবে এবং প্রতিটির মান ১৪ নম্বর। আর তত্ত্বীয় অংশের জন্য রাখা হইয়াছে ২৪ নম্বর। অর্থাৎ বর্তমান সিলেবাসে তত্ত্বীয় ও প্রায়োগিক অংশে নম্বর কমাইয়া আরও একটি অংক যুক্ত করা হইয়াছে। একই অবস্থা ২য় পত্রেও করা হইয়াছে। ইহাছাড়া পূর্বের চাইতে অতিরিক্ত কয়েকটি অধ্যায় যুক্ত করা হইয়াছে। কিন্তু সময় বাড়ানো হয় নাই। এমনিতেই চূড়ান্ত হিসাবসহ চারটি অংক ও তত্ত্বীয় অংশ মোট তিন ঘন্টায় করা সম্ভব হয় না। তাহার উপর, আরও একটি অংক যুক্ত করার বিষয়টি বোধগম্য নহে। একটি সাধারণ অংক করিতেই সময় ব্যয় হয় কমপক্ষে ৪৫ মিনিট। চূড়ান্ত হিসাব ৬০ মিনিট। তাহা হইলে মাত্র তিন ঘন্টায় কী করিয়া পাঁচটি সমাধান করা সম্ভব, তাহা ভাবিয়া পাইতেছি না। এমতাবস্থায় বোর্ড কর্তৃপক্ষকে আরও সহনীয় মাত্রার সিলেবাস নির্ধারণের বিষয়টি বিবেচনার জন্য বিনীত অনুরোধ জানাইতেছি।

হারুনুর রশিদ আরজু,
ছাগলনাইয়া, ফেনী।